# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৪. ৩. উবুড় হওয়া ও ইবাদত করা সমার্থক

উপরের উদ্ধৃতিগুলো থেকে আমরা আরো নিশ্চিত হলাম যে, বাইবেলের পরিভাষায় উবুড় হওয়ার অর্থ সাজদা করা বা ইবাদত করা। এজন্য fell on his face অর্থাৎ উবুড় হওয়া, মুখের উপর পড়া বা মাটিতে পড়া এবং worship অর্থাৎ ইবাদত করা বা পূজা করাকে সমার্থক অর্থে ব্যবহার করেছেন মথি ও লূক।

কেরির অনুবাদে সঙ্গতি রক্ষা করার প্রবণতা দেখা যায়। সেখানে সর্বদা ওয়র্শিপ অর্থ প্রণিপাত, উপাসনা বা পূজা এবং 'বাউ ডাউন' এবং 'ফেল অন ফেস' অর্থ  উবুড় হওয়া লেখা হয়েছে। তবে কিতাবুল মোকাদ্দস এ সঙ্গতি রক্ষা করেনি। ঈশ্বর বা যীশুর প্রসঙ্গে ওয়র্শিপ বা বাউ ডাউন অর্থ 'সেজদা করা' লেখা হয়েছে। আর নবী, ফেরেশতা, বাদশাহ বা অন্যদের ক্ষেত্রে একই শব্দের অর্থ লেখা হয়েছে উবুড় হওয়া, সালাম করা ইত্যাদি। বাহ্যত মুসলিম বিশ্বাসের দিকে লক্ষ্য রেখে এবং যীশুর দেবত্ব প্রমাণ করতেই একই শব্দের অর্থ বিভিন্নভাবে পরিবর্তন করা হয়েছে।

আমরা দেখেছি বাংলা কিতাবুল মোকাদ্দসে হিজরত ২০/৫ এবং দ্বিতীয় বিবরণ ৫/৯ শ্লোকে 'bow down' শব্দের অর্থ করা হয়েছে: পূজা করা। অন্যত্র fell on his face অর্থাৎ মুখের উপর পড়া বা উবুড় হওয়ার অর্থ সেজদা করা লেখা হয়েছে। আদিপুস্তক/ পয়দায়েশ ১৭/১-৩: "And when Abram was ninety years old and nine, the LORD appeared to Abram ... And Abram fell on his face..."। কেরির অনুবাদ: "অব্রামের নিরানব্বই বৎসর বয়সে সদাপ্রভু তাঁহাকে দর্শন দিলেন... তখন অব্রাম উবুড় হইয়া পড়িলেন...।" কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "ইব্রামের বয়স যখন নিরানব্বই বছর তখন মাবুদ তাঁকে দেখা দিয়ে... এতে ইব্রাম সেজদায় পড়লেন।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=13842

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন